| | |
|---|---|
| শিক্ষা/ মেঃ মোঃ | |
| হেড অ্যাসিস্টেন্ট | |
| একাউন্টেন্ট | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

৪০১
১৬/৭/১৪

নং- ১৮.০১২.০২২.০২২.০০.০০.০০৬.২০১৪- ৯৭৬

তারিখ ঃ ২৫ আষাঢ়, ১৪২১
০৯ জুলাই, ২০১৪

ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রামে প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নির্বাচন পদ্ধতি সম্পর্কে ইতোপূর্বে জারীকৃত নীতিমালাসহ সকল আদেশ/নির্দেশাবলী বাতিলপূর্বক প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নির্বাচনের জন্য সরকার নিম্নে বর্ণিত নীতিমালা জারী করলেন ঃ

১। নির্বাচনী বোর্ডঃ

ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটে প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নির্বাচনের নিমিত্তে মৌখিক পরীক্ষা গ্রহণের জন্য একটি নির্বাচনী বোর্ড থাকবে। নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে উক্ত বোর্ড গঠিত হবেঃ

(১) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট - সভাপতি।
(২) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি - সদস্য।
(৩) সমুদ্র পরিবহন অধিদপ্তরের একজন প্রতিনিধি - সদস্য।
(৪) মেরিন একাডেমীর একজন প্রতিনিধি - সদস্য।
(৫) চীফ নটিক্যাল ইন্সট্রাক্টর, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট - সদস্য।
(৬) চীফ ইঞ্জিনিয়ারিং ইন্সট্রাক্টর, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট - সদস্য।

উক্ত বোর্ডের সভাপতিসহ ৪ (চার) জন সদস্যের উপস্থিতিতে কার্যক্রম গ্রহণ করা যাবে।

২। প্রশিক্ষণার্থী রেটিংদের (নাবিকদের) শ্রেণীঃ

দেশীয় এবং বিদেশী পতাকাবাহী সমুদ্রগামী সকল প্রকার বাণিজ্যিক জাহাজে নিয়োগের জন্য বিভিন্ন শ্রেণীর রেটিংদের (নাবিকদের) চাহিদা এবং সরবরাহের প্রতি দৃষ্টি রেখে নিম্নোক্ত ট্রেডসমূহে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নির্বাচন করা হবেঃ

(ক) ডেক রেটিং
(খ) ইঞ্জিন রেটিং
(গ) সেলুন রেটিং (স্টুয়ার্ড ও কুক)।

৩। প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) হিসাবে নির্বাচনের শর্তাবলীঃ

ক) প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) হিসাবে আবেদনের প্রয়োজনীয় যোগ্যতাঃ

| | | |
|---|---|---|
| ১। | শিক্ষাগত যোগ্যতা | ডেক ও ইঞ্জিন শ্রেণীর প্রশিক্ষণার্থী রেটিং এর শিক্ষাগত যোগ্যতা নূন্যতম এস.এস.সি (বিজ্ঞান), সর্বনিম্ন জিপিএ-২.৫ অথবা সমমানের এবং সেলুন বিভাগের প্রার্থীদের যোগ্যতা যে কোন গ্রুপে নূন্যতম এস.এস.সি সর্বনিম্ন জিপিএ-২.৫ অথবা সমমানের হতে হবে। |
| ২। | বয়সসীমা | বয়স সীমা ১৬ হতে ২০ বৎসরের মধ্যে হতে হবে। প্রার্থীর এস.এস.সি সনদে রেকর্ডকৃত বয়স ব্যতীত বয়স সম্পর্কে অন্য কোন সনদ কিংবা হলফনামা গ্রহণযোগ্য হবে না। |
| ৩। | জাতীয়তা | প্রার্থীগণকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে সরকারের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বিদেশী নাগরিকগণকেও নির্বাচন করা যেতে পারে। |
| ৪। | শারীরিক যোগ্যতা | এসটিসিডব্লিউ'২০১০ (Standard of Training Certification and Watch Keeping-2010) কনভেনশন মোতাবেক প্রার্থীকে শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে। ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট কর্তৃক প্রার্থী নির্বাচনের সময় শারীরিক যোগ্যতাসমূহের প্রধান প্রধান অংশ বিজ্ঞপ্তিতে উল্লেখ করতে হবে। |



Scanned by CamScanner

৪। অভিজ্ঞ প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) হিসাবে বিভিন্ন পদে আবেদনের প্রয়োজনীয় যোগ্যতাঃ

৪ (১) নৌ-বাহিনীর প্রার্থীঃ নিম্নে বর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে বাংলাদেশ নৌ-বাহিনী হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসর প্রাপ্ত উপযুক্ত নাবিকদের (সীম্যান, মেকানিক্যাল এবং ইলেকট্রিক্যাল ব্রাঞ্চ) হতে সমুদ্রগামী বাণিজ্যিক জাহাজে ডেক, ইঞ্জিন রেটিং এবং ইলেকট্রিশিয়ান রেটিং পদে প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) হিসেবে নিম্নোক্ত শর্ত পালন সাপেক্ষে নির্বাচন করা হবে।

(ক) প্রার্থীদের আবেদনপত্রের সাথে নৌ-বাহিনীর অনাপত্তি সনদ দাখিল করতে হবে ;

(খ) শিক্ষাগত যোগ্যতা ঃ নূন্যতম এস এস সি (বিজ্ঞান), সর্বনিম্ন জিপিএ-২.৫ অথবা সমমানের ;

(গ) বাংলাদেশ নেভীতে (ট্রেনিং পাওয়ার পর) কোন নেভাল জাহাজে কমপক্ষে ২ (দুই) বৎসর সী-সার্ভিস থাকতে হবে ;

(ঘ) এসটিসিডব্লিউ'২০১০ (Standard of Training Certification and Watch Keeping-2010) কনভেনশন মোতাবেক প্রার্থীদের শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে ;

৪ (২) অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ

৪.২ (১) বিবিধ রেটিং ঃ

| | | |
|---|---|---|
| (ক) | কার্পেন্টার | সরকার অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে কার্পেন্টেন্সী বিষয়ে ডিপ্লোমা অথবা নূন্যতম এস.এস.সি/সমমান পাশসহ ২ (দুই) বছরের অভিজ্ঞতাসহ স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট হতে কার্পেন্টেন্সী কোর্স সম্পন্নকারী হতে হবে অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশ নৌ-বাহিনীর উক্ত ব্রাঞ্চ হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসর প্রাপ্ত নাবিকদের মধ্যে নূন্যতম নেভী কার্পেন্টেন্সী ওয়ার্কশপে ৬ মাসের প্রশিক্ষণসহ ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| (খ) | ফিটার (ডেক) | সরকার অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ মেয়াদী ডিপ্লোমা অথবা নূন্যতম এস.এস.সি/সমমান পাশসহ ৪ বৎসরের অভিজ্ঞতাসহ স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট হতে উক্ত ট্রেডে ২ (দুই) বছর মেয়াদী কোর্স সম্পন্নকারী হতে হবে। প্রার্থীর ওয়েল্ডিং এর অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশ নৌ-বাহিনীর মেকানিক্যাল ব্রাঞ্চে ফিটার (ডেক) হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসর প্রাপ্ত নাবিকদের মধ্যে নূন্যতম নেভী ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপে ৬ মাস প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| (গ) | ফিটার (ইঞ্জিন) | সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে মেরিন/ মেকানিক্যাল/পাওয়ার/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা অথবা নূন্যতম এসএসসি/সমমান পাশসহ ৪ বছরের অভিজ্ঞতাসহ স্বীকৃত ভকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট হতে উক্ত ট্রেডে ২ (দুই) বছর মেয়াদী কোর্স সম্পন্নকারী হতে হবে। প্রার্থীর ওয়েল্ডিং এর অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে। অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশ নৌ-বাহিনীর মেকানিক্যাল ব্রাঞ্চ হতে সন্তোষজক চাকুরী শেষে অবসর প্রাপ্ত নাবিকদের মধ্যে নূন্যতম নেভী ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ এ ৬ মাস প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| (ঘ) | ডিজেল মেকানিক/ পাম্পম্যান | সরকার অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে মেরিন/মেকানিক্যাল/পাওয়ার/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা অথবা নূন্যতম এসএসসি/সমমান পাশসহ ২ বছরের ট্রেড কোর্সসহ ২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশ নৌ-বাহিনীর মেকানিক্যাল ব্রাঞ্চ হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসর প্রাপ্ত নাবিকদের মধ্যে নূন্যতম ১ বছরের প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| (ঙ) | প্লাম্বার | সরকার অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। |
| (চ) | ইলেকট্রিশিয়ান | সরকার অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশ নৌ-বাহিনীর ইলেকট্রিক্যাল ব্রাঞ্চ হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসর প্রাপ্ত নাবিকদের মধ্যে নূন্যতম নেভী ইলেকট্রিক্যাল ওয়ার্কশপে ৬ মাসের প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| (ছ) | রিফ্রিজারেশন মেকানিক | সরকার অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে রিফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা অথবা নূন্যতম এসএসসি/সমমান পাশসহ উক্ত বিষয়ে ২ বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা। |
| (জ) | ভান্ডারী | নূন্যতম এস এস সি পাশ এবং কোন অনুমোদিত ১ম শ্রেণীর প্রতিষ্ঠানে রন্ধন কাজের অভিজ্ঞতা। অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশ নৌ-বাহিনীর উক্ত ট্রেড হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসর প্রাপ্ত নাবিকদের মধ্যে নূন্যতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| (ঝ) | কুক | নূন্যতম এস এস সি পাশ এবং কোষ্টাল জাহাজ/ফিশিং জাহাজে কুক হিসাবে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা। অথবা নূন্যতম এসএসসি পাশসহ বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের কোন প্রতিষ্ঠানে কোন অনুমোদিত ক্যাটারিং প্রতিষ্ঠানে প্রশিক্ষণসহ আন্তর্জাতিক মানের হোটেলে রন্ধন কাজে কমপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| (ঞ) | ট্রেইনী হেলমসম্যান | নূন্যতম এস এস সি পাশসহ ডেক পার্সোনেল ট্রেনিং সেন্টার, নারায়নগঞ্জ হতে প্রশিক্ষণ প্রাপ্ত এবং অভ্যন্তরীণ নৌ-যানের লস্কর/সুকানী পদে কমপক্ষে ৩ বছরের কাজের অভিজ্ঞতা অথবা নূন্যতম এস এস সি পাশসহ কমপক্ষে তৃতীয় শ্রেণীর অভ্যন্তরীণ মাষ্টার শিপ সনদধারী অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতাসহ বাংলাদেশ নৌ-বাহিনীর সীম্যান্স ব্রাঞ্চ হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসর প্রাপ্ত নাবিকদের মধ্যে হেলমসম্যান/কোয়ার্টার মাষ্টার হিসাবে নূন্যতম ৬ মাস প্রশিক্ষণসহ ১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| (ট) | ফিটার-কাম-ওয়েল্ডার | সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে মেরিন/মেকানিক্যাল/পাওয়ার/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা পাশ<br>অথবা,<br>নূন্যতম এস এস সি পাশসহ কোষ্টাল জাহাজ/ফিশিং জাহাজে ফিটার-কাম-ওয়েল্ডার হিসাবে কমপক্ষে ৩ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা<br>অথবা,<br>নূন্যতম এস এস সি পাশসহ অনুমোদিত কোন মেরিন ওয়ার্কশপ/ ডকইয়াড/ শীপ ইয়ার্ডে ফিটার-কাম-ওয়েল্ডার হিসাবে কমপক্ষে ৪ বৎসরের কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |
| (ঠ) | ইলেকট্রো টেকনিক্যাল | সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে ইলেকট্রনিক/ ইলেকট্রিক্যাল বিষয়ে ডিপ্লোমা। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১(এক) বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

৪.২(২) বয়সসীমাঃ

(ক) ডিপ্লোমাধারী ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ২০ হতে ৩৫ বছর।
(খ) নৌ-বাহিনীর প্রার্থীর ক্ষেত্রে ২৫ হতে ৪০ বছর।

৪.২(৩) জাতীয়তাঃ

প্রার্থীগণকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

৪.২(৪) শারীরিক যোগ্যতাঃ

এসটিসিডব্লিউ'২০১০ Standards of Training Certification and Watch Keeping-2010 কনভেনশন মোতাবেক প্রার্থীকে শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে। ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট কর্তৃক প্রার্থী নির্বাচনের সময় শারীরিক যোগ্যতাসমূহের প্রধান প্রধান অংশ বিজ্ঞপ্তিতে উল্লেখ করতে হবে।

৪.২(৫) প্রার্থীদের ইংরেজী ভাষা বুঝতে এবং কথপোকথনে সক্ষম হতে হবে। "স্পোকেন ইংলিশ কোর্স" সম্পন্ন করা থাকলে তা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৫। <u>প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নির্বাচনের নিয়মাবলীঃ</u>

(ক) ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের অধ্যক্ষ, শিপিং মাষ্টারের অফিস, চট্টগ্রাম এর সাথে পরামর্শক্রমে বিভিন্ন পদে

নির্বাচনের জন্য প্রশিক্ষণার্থী রেটিংদের (নাবিকদের) সংখ্যা নির্ধারণ করবেন এবং কমপক্ষে ৩টি জাতীয় বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ এবং ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট ও শিপিং অফিসে নোটিশ প্রদান পূর্বক প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করবেন।

(খ) নির্বাচনী বিজ্ঞাপন জারী হলে প্রার্থীগণকে চাহিত সনদপত্রাদিসহ ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের অধ্যক্ষের বরাবরে সোনালী ব্যাংকের মাধ্যমে অন লাইনে আবেদন করতে হবে।

(গ) প্রী-সী কোর্সের প্রার্থীর জন্য নাম সোনালী ব্যাংকের মাধ্যমে অনলাইন পদ্ধতিতে ফরম পূরণ, দাখিল, ফি প্রদান ও প্রবেশপত্র প্রাপ্তির (ওয়ান ষ্টপ সার্ভিস) পদ্ধতি চালু করতে হবে। আবেদন ফি হিসাবে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের অধ্যক্ষের অনুকূলে তিনশত টাকা সোনালী ব্যাংকে জমা প্রদান করতে হবে।

(ঘ) সোনালী ব্যাংক নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত সকল দরখাস্ত বাছাইয়ের ব্যবস্থা গ্রহণ করবে। যে সমস্ত আবেদনপত্র নির্ধারিত সকল শর্তাবলী পূরণ করবে শুধুমাত্র ঐ সমস্ত প্রার্থীকেই প্রবেশপত্র প্রেরণ করবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রবেশপত্র প্রাপ্ত প্রার্থীগণ ইংরেজী, অংক এবং সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবে। অধ্যক্ষ প্রবেশপত্র প্রাপ্ত প্রার্থীদের সংখ্যার উপর ভিত্তি করে সুবিধাজনক স্থানে পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) প্রশিক্ষণার্থী রেটিংদের (নাবিকদের) ক্ষেত্রে সর্বমোট ১৫০ নম্বরের লিখিত পরীক্ষা হবে (ইংরেজীতে ৫০, অংকে ৫০ এবং সাধারণ জ্ঞানে ৫০ নম্বর)। ইংরেজী বিষয়ে নূন্যতম ২০ নম্বরসহ পাশ নম্বর ৬০।

(চ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ১ঃ৩ হারে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে অর্থাৎ যতজন প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে, তাঁর ৩ (তিন) গুন লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। মৌখিক পরীক্ষার মোট নম্বর হবে ২৫। মৌখিক পরীক্ষায় পাশ নম্বর ৫০%। বোর্ড কর্তৃক নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।

(ছ) নির্বাচনী বোর্ডের সভাপতি কর্তৃক ৩ (তিন) সদস্যের সরকারী ডাক্তারের সমন্বয়ে গঠিত মেডিক্যাল বোর্ড নির্বাচিত প্রার্থীদের ডাক্তারী পরীক্ষা করবে। প্রার্থীদের বুকের এক্সরে, প্রশ্রাব (সুগার/এলবোমিন), রক্ত (ভি.ডি.আর.এল), দৃষ্টিশক্তি, কালার ভিশন (বর্ণান্ধতামুক্ত) ও শ্রবন শক্তি এস টি সি ডব্লিউ'২০১০ কনভেনশন এবং সরকার অনুমোদিত ষ্ট্যান্ডার্ড মোতাবেক পরীক্ষা করা হবে। ডাক্তারী পরীক্ষার সকল ব্যয়ভার সংশ্লিষ্ট প্রার্থীগণকে বহন করতে হবে। ডাক্তারী পরীক্ষার ব্যয়ভার ঐ পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রদত্ত নোটিশে উল্লেখ করা থাকবে।

(জ) নির্বাচিত প্রার্থীদের ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটে ভর্তি হওয়ার পূর্বে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইন্সটিটিউটের অনুসরণীয় আচরণ বিধি মেনে চলার অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

(ঝ) নির্বাচিত কোন প্রার্থীকে প্রশিক্ষণের জন্য ডাকা হলে তিনি যদি নির্ধারিত সময়ের মধ্যে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটে রিপোর্ট করতে ব্যর্থ হন তবে তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে। তবে নির্ধারিত সময়ে উপস্থিত না হওয়ার ব্যাপারে শারীরিক অসুস্থতা বা অন্য কোন অনিবার্য কারণ প্রদর্শন করলে এবং প্রদর্শিত কারণ অধ্যক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে তিনি প্রার্থীর আবেদনের উপর সিদ্ধান্ত নিতে পারবেন।

(ঞ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের চরিত্র, প্রাক পরিচয় এবং অন্যান্য বিষয়ে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের অধ্যক্ষ সংশ্লিষ্ট জেলা পুলিশ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই করার ব্যবস্থা করবেন। উপরন্তু এস এস সি/সমমানের সনদ সঠিক আছে কিনা তা প্রার্থীর নিকট হতে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্ধারিত হারে ফিস আদায় করে সংশ্লিষ্ট বোর্ড দ্বারা যাচাই করতে হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদপত্রাদি যদি পরবর্তীতে ভূয়া কিংবা প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য মিথ্যা বলে প্রমানিত হয় বা যদি কোন প্রার্থীর বিরুদ্ধে বিরূপ পুলিশ রিপোর্ট পাওয়া যায় তবে তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে। প্রশিক্ষণ শেষে যদি তার বরাবরে সিডিসি (Continuous Discharge Certificate) জারী করা হয়ে থাকে তাহলে তাও বাতিল করা হবে।

(ট) যদি কোন প্রার্থী সন্তোষজনকভাবে প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হয় অথবা যদি কোন প্রার্থী প্রশিক্ষণ গ্রহণকালে শৃংখলা ভঙ্গ করে অথবা অন্য কোন নৈতিক কারণে দোষী সাব্যস্ত হয় তবে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের অধ্যক্ষ যথাযথ নিয়ম অনুসরণ পূর্বক সংশ্লিষ্ট প্রার্থীর নির্বাচন বাতিল করতে পারবেন। কোন প্রশিক্ষণার্থী চূড়ান্ত পরীক্ষায় অকৃতকার্য হলে ফি প্রদান সাপেক্ষে পুনঃ পরীক্ষা/প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে।

(ঠ) পূর্বে বর্ণিত ফরমগুলো ব্যতীত অন্যান্য ফরম, আবেদনের পদ্ধতি, মৌখিক পরীক্ষার পদ্ধতি ইত্যাদি প্রশিক্ষণ ইন্সটিটিউটের অধ্যক্ষ অর্থাৎ নির্বাচনী বোর্ডের সভাপতি প্রয়োজনে মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে নির্ধারণ করবেন।

ড) নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত ফি আদায় সাপেক্ষে সাঁতার টেষ্ট গ্রহণ করা হবে।



Scanned by CamScanner

৬। <u>প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নির্বাচনের কোটা পদ্ধতি ঃ</u>

(ক) মেধার ভিত্তিতে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে।

(খ) সিডিসিধারী (মৃত, অবসর প্রাপ্ত বা কর্মরত) নাবিকদের সন্তানের জন্য অনধিক ২০% কোটা সংরক্ষিত থাকবে। নাবিক সন্তান কোটা পূর্ণ না হলে সেক্ষেত্রে অবশিষ্ট আসন মেধার ভিত্তিতে পূরণ করা হবে।

(গ) দক্ষ প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নির্বাচনে নৌ-বাহিনীর নাবিক শাখার প্রাক্তন নৌ-সেনাদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে। নৌ-বাহিনীর কোটা পূর্ণ না হলে সে স্থলে মেধা ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের মধ্য থেকে নির্বাচন করা হবে।

৭। <u>প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নাবিক নির্বাচনের জন্য খরচ মিটানোর পদ্ধতি ঃ</u>

আবেদন ফি বাবদ প্রাপ্ত টাকা যথাযথ হিসাব রেখে প্রার্থী নির্বাচন কাজে ব্যয় করা হবে। অবশিষ্ট টাকা (যদি থাকে) প্রশিক্ষণ কাজে ব্যয় করা হবে।

স্বা/-
তারিখঃ ০৯-০৭-১৪
(সৈয়দ মাহ্বুব হাসান)
অতিরিক্ত সচিব
নৌ-পরিবহন মন্ত্রণালয়

নং- ১৮.০১২.০২২.[redacted].০০.০০.০০৬.২০১৪- ২৭৬

২৬ আষাঢ়, ১৪২১
তারিখ ঃ------------------
১০ জুলাই, ২০১৪

বিতরন ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪২, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ মোবারক হোসেন খন্দকার)
সহকারী সচিব (প্রঃ ২)
ফোন ঃ ৯৫৪০২১৯



Scanned by CamScanner